

বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ১৩৪৫

পর্ব - ১২০৪ খাদ্য (كتاب الاطعمة)

পরিচ্ছেদঃ ১. শিকার ও যবহকৃত জন্ত - জবেহ করার সময় বিসমিল্লাহ না বললে

আরবী

وَلَهُ شَاهِدٌ عِنْدَ أَبِي دَاؤِدَ فِي «مَرَاسِيلِهِ» بِلَفْظِ: «ذَبِحَةُ الْمُسْلِمِ حَلَالٌ, ذَكْرُ اسْمِ اللَّهِ عَلَيْهَا أَوْ لَمْ يَذْكُرْ». وَرَجَالُهُ مُؤْتَقُونَ

ضعيف رواه أبو داود في «المراسيل» (378) عن الصلت السدوسي، قال: قال رسول الله صلى الله عليه وسلم: فذكره. قلت: وهذا مع كونه مرسل، فمرسله أيضاً مجھول

বাংলা

১৩৪৫। ইমাম আবু দাউদের মারাসিল নামক হাদীস গ্রন্থে এর একটা শাহিদ (সম অর্থবাহী) হাদীস রয়েছে-তাতে আছে, মুসলিমের যবহকৃত জন্ত হালাল, সে তাতে বিসমিল্লাহ বলুক বা না বলুক। এর বর্ণনাকারী রাবীগণ মাজবুত (নির্ভরযোগ্য)।[1]

English

Abu Dawud narrated a similar hadith that reads, "The slaughtering (of an animal) by any Muslim is Halal (lawful) whether or not he mentioned Allah's name over it." Its narrators are reliable.

ফুটনোট

[1] ইবনুল কাভান তাঁর আল ওয়াহম ওয়াল ঈহাম ৩/৫৭৯ গ্রন্থে বলেন, হাদীসটির দোষ হচ্ছে মুরসাল, কারণ স্বলত আস সাদূসীর অবস্থা জানা যায় না। ইবনু উসাইমীন শরহে বুলুগুল মারাম ৬/৬৭ গ্রন্থে এ হাদীসটিকে অত্যন্ত দুর্বল বলেছেন। ইবনু কাসীর তাঁর তাফসীরতে কুরআন ৩/৩১৮ গ্রন্থে ও বাইহাকী সুনান আস সুগরা ৪/৪৩

গ্রন্থে, ইমাম নববী তাঁর মাজমু ৮/৮১২ গ্রন্থে, ইমাম যঙ্গলায়ী নাসবুর রায়া একে মুরসাল বলেছেন। ইমাম সনআনী, নববী, শাওকানী, আল আইনী, ইবনুল মুলকিন সহ অনেকেই এ হাদীসটিকে মুরসাল বলেছেন। ইবনু হাজার আসকালানী আত-তালখীসুল হাবীর ৪/১৪৩৮ গ্রন্থে এর সানাদকে দুর্বল বলেছেন। আলবানী যঙ্গফুল জামেতে ৩০৩৯ এ যঙ্গফ বলেছেন। তবে ইবনু হাজার আসকালানী ফাতভুল বারী ৯/৫৫২ গ্রন্থে একে ‘মুরসাল জাইয়েদ’ ভালো মুরসাল বলেছেন।

হাদিসের মান: যঙ্গফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

⌚ Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71156>

১ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন